

এ বিষয়ে সমাধান দিলো ঢাকা শিক্ষা বোর্ড

# বেতন নিয়ে অনিশ্চয়তা, সভাপতির অনুপস্থিতিতে স্বাক্ষর করবেন কে?

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১২:১৫, ১২ আগস্ট ২০২৪; আপডেট: ১২:২০, ১২ আগস্ট ২০২৪



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা এর আওতাধীন যেসকল বেসরকারি শিক্ষ প্রতিষ্ঠানের সভাপতি অনুপস্থিত থাকায় বেতন ভাতা নিয়ে অনিশ্চয়তায় ছিলেন প্রায় পাঁচ লক্ষ শিক্ষক-কর্মচারী। বিষয়টি নিয়ে খোলাসা করেছেন ঢাকা শিক্ষা বোর্ড।

UNIBOTS

রবিবার ঢাকা শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা স্বাক্ষরিত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা এর আওতাধীন যেসকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) ম্যানেজিং কমিটি গভর্নিংবডি / অ্যাডহক কমিটির সভাপতি পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে শূন্য বা দীর্ঘদিন অনুপস্থিত সেক্ষেত্রে বেতন-ভাতা উত্তোলনের জন্য উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসক বা তাঁহার প্রতিনিধির স্বাক্ষরে বেতনে সরকারি অংশ (MPO) উত্তোলন করা যাইবে।

---